# আর্থিক সহায়তা সারসংক্ষেপ

**One Brooklyn Health স্বীকার করে যে এমন সময় আসে যখন চিকিৎসার প্রয়োজনে রোগীদের প্রদত্ত পরিষেবার জন্য অর্থ প্রদান করতে অসুবিধা হয়। আমাদের আর্থিক সহায়তা কর্মসূচি আপনার আয়ের উপর ভিত্তি করে যোগ্য ব্যক্তিদেরকে ছাড় প্রদান করে। এছাড়াও, আপনি যোগ্য হলে, আমরা আপনাকে বিনামূল্যে বা স্বল্প খরচের বীমার জন্য আবেদন করতে সহায়তা করতে পারি।**

**আপনি যোগ্য কিনা তা জানতে, একটি গোপন সাক্ষাৎকারের জন্য আপনি নিচের ঠিকানায় যোগাযোগ করতে পারেন:**

Interfaith Medical Center Admitting Department – 1545 Atlantic Ave., Brooklyn NY 11213, Main Floor – টেলিফোন #: 718 – 613-4359

Brookdale Hospital Financial Office – 1 Brookdale Plaza, Brooklyn, NY, 11212, 4র্থ তলা, -এ, অথবা ফিনান্সিয়াল কাউন্সেলরকে কল করুন, টেলিফোন #: 718-240-5240.

## ছাড়ের জন্য কারা যোগ্য?

সীমিত আয় এবং কোনো স্বাস্থ্য বীমা নেই এমন রোগীদের জন্য আর্থিক সহায়তা উপলভ্য। **এই কর্মসূচিটি সেই রোগীদের জন্যও উপলভ্য যাদের চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবাগুলি তাদের স্বাস্থ্য বীমা দ্বারা কভার করা হয় না বা যারা তাদের বীমা সুবিধাগুলি শেষ করে ফেলেছেন। এই কর্মসূচির আওতায় কো-পে এবং ডিডাক্টিবল, অথবা যদি আপনি আপনার আয়ের 10%-এর বেশি চিকিৎসা ব্যয়ে খরচ করে থাকেন তাহলে তা কভার করা হবে।**

জরুরি পরিষেবার প্রয়োজন রয়েছে এমন যেকেউ সেবা পেতে পারেন এবং আয়ের সীমা পূরণ করলে ছাড় পেতে পারবেন।

অভিবাসনের স্ট্যাটাস নির্বিশেষে আপনি ছাড়ের জন্য আবেদন করতে পারবেন।

## আয়ের সীমা কী?

আপনার আয় এবং পরিবারের সদস্য সংখ্যার উপর ভিত্তি করে ছাড়ের পরিমাণ পরিবর্তিত হয়। যদি আপনার কোনো স্বাস্থ্য বীমা না থাকে, তবে আয়ের সীমা হলো:

**পরিস্থিতি সাপেক্ষে, আপনার আয় এই সীমার বেশি হলেও আপনি আর্থিক সহায়তার যোগ্য হতে পারেন।**

| পরিবারের আকার | বার্ষিক পারিবারিক আয় | মাসিক পারিবারিক আয় | সাপ্তাহিক পারিবারিক আয় |
|---|---|---|---|
| 1 | সর্বোচ্চ $62,600 | সর্বোচ্চ $5,217 | সর্বোচ্চ $1,204 |
| 2 | সর্বোচ্চ $84,600 | সর্বোচ্চ $7,050 | সর্বোচ্চ $1627 |
| 3 | সর্বোচ্চ $106,600 | সর্বোচ্চ $8,883 | সর্বোচ্চ $2,050 |
| 4 | সর্বোচ্চ $128,600 | সর্বোচ্চ $10,717 | সর্বোচ্চ $2,473 |
| 5 | সর্বোচ্চ $150,600 | সর্বোচ্চ $12,550 | সর্বোচ্চ $2,896 |
| 6 | সর্বোচ্চ $172,600 | সর্বোচ্চ $14,383 | সর্বোচ্চ $3,319 |

2025 সালের ফেডারেল পোভার্টি গাইডলাইনের (দারিদ্র্য নির্দেশিকা) উপর ভিত্তি করে – বর্তমান হারের জন্য বর্তমান ফাইনান্সিয়াল এইড গ্রিড দেখুন।

**আমি আয়ের সীমা পূরণ না করলে কী হবে?**

যদি আপনি আপনার বিল পরিশোধ করতে না পারেন, সেক্ষেত্রে **One Brooklyn Health** আয়ের সীমা পূরণ করা সকল রোগীদের জন্য একটি পেমেন্ট প্ল্যান অফার করে। আপনার কি পরিমাণ অর্থ প্রদান করতে হবে তা আপনার আয়ের পরিমাণের উপর নির্ভর করে। **পরিস্থিতি উপর নির্ভর করে, আপনার আয় এই সীমার বেশি হলেও আপনি পেমেন্ট প্ল্যানের যোগ্য হতে পারেন।**

**কেউ কি আমাকে এই ছাড়ের বিষয়টি বুঝিয়ে বলতে পারেন? কেউ কি আমাকে আবেদন করতে সাহায্য করতে পারেন?**

হ্যাঁ, বিনামূল্যে ও গোপনে সহায়তা উপলভ্য। **718 613-4359 নম্বরে Interfaith Medical Center**-এ অথবা **718-240-5240 নম্বরে Brookdale Hospital Financial Office**-এ কল করুন।

আপনি ইংরেজিতে কথা না বলতে পারলে, অন্য একজন ব্যক্তি আপনাকে আপনার নিজের ভাষায় কথা বলতে সাহায্য করবে।

ফাইনান্সিয়াল কাউন্সেলর আপনাকে বলতে পারবেন যে আপনি Medicaid, Child Health Plus এবং Qualified Health Plan-এর মতো বিনামূল্যের বা স্বল্পমূল্যের বীমার যোগ্য কিনা।

ফাইনান্সিয়াল কাউন্সেলর যদি দেখেন যে আপনি স্বল্পমূল্যের বীমার যোগ্য নন, সেক্ষেত্রে তারা আপনাকে ছাড়ের জন্য আবেদন করতে সাহায্য করবেন।

কাউন্সেলর আপনাকে সব ফর্ম পূরণ করতে সাহায্য করবেন এবং আপনাকে কী কী নথি আনতে হবে তা বলে দেবেন।

**ছাড়ের জন্য আবেদন করতে আমার কী প্রয়োজন?**

**আর্থিক সহায়তার জন্য আবেদন করতে, আপনার ছবি সহ আইডি, ঠিকানার প্রমাণ, চার সপ্তাহের পে স্টাব এবং/অথবা আয়ের বিবরণী এবং/অথবা আপনি কীভাবে নিজের খরচ চালাচ্ছেন বা আপনাকে কীভাবে সহায়তা করা হচ্ছে তা নির্দেশকারী একটি চিঠির প্রয়োজন হবে।**

আপনি যদি এগুলোর কোনোটিই দিতে না পারেন, তাহলেও আপনি আর্থিক সহায়তার জন্য আবেদন করতে পারবেন।

## কোন পরিষেবাগুলি আওতাভুক্ত?

**One Brooklyn Health** দ্বারা প্রদত্ত চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় সব পরিষেবা এই ছাড়ের আওতায় পড়ে। এর মধ্যে বহির্বিভাগের পরিষেবা, জরুরি পরিষেবা এবং হাসপাতালে ভর্তি অন্তর্ভুক্ত।

হাসপাতালে পরিষেবা প্রদানকারী *প্রাইভেট ডাক্তারদের* চার্জও কভার করা হতে পারে। তারা কোনো ছাড় বা পেমেন্ট প্ল্যান অফার করেন কিনা তা জানার জন্য আপনার প্রাইভেট ডাক্তারদের সাথে কথা বলা উচিত।

## আমাকে কি পরিমাণ অর্থ পরিশোধ করতে হবে?

শিশু এবং গর্ভবতী মহিলাদের জন্য বহির্বিভাগের পরিষেবা বা ইমার্জেন্সি রুমের পরিমাণ আপনার আয়ের উপর ভিত্তি করে $0 থেকে শুরু হয়। প্রাপ্তবয়স্কদের জন্য বহির্বিভাগের পরিষেবা বা ইমার্জেন্সি রুমের পরিমাণ আপনার আয়ের উপর ভিত্তি করে $15 থেকে শুরু হয়।
আপনার আবেদন প্রক্রিয়া করা হলে আমাদের ফাইনান্সিয়াল কাউন্সেলর আপনার নির্দিষ্ট ছাড়(গুলি) সম্পর্কে বিস্তারিত জানাবেন।

**রোগীর ডিপোজিট রোগীর অর্থ প্রদানের ক্ষমতার উপর ভিত্তি করে এবং প্রদত্ত অন্যান্য আর্থিক সহায়তার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে। সাধারণত, যোগ্য রোগীদের (যেমন, যাদের মাসিক আয় ফেডারেল পোভার্টি লেভেল বা দারিদ্র্য সীমার 400% পর্যন্ত) অর্থপ্রদানের ব্যবস্থা (কিস্তির পরিকল্পনা) অফার করা হবে। মাসিক কিস্তির পেমেন্ট রোগীর মোট মাসিক আয়ের 5%-এ সীমাবদ্ধ।**

## আমি কীভাবে ছাড় পেতে পারি?

আপনাকে আবেদনের ফর্মটি পূরণ করতে হবে। আমাদের কাছে আপনার আয়ের প্রমাণ আসার সাথে সাথেই, আমরা আপনার আয়ের স্তর অনুযায়ী আপনার ছাড়ের আবেদন প্রক্রিয়া করতে পারব।

অ্যাপয়েন্টমেন্টের আগে, হাসপাতালে চিকিৎসা নিতে আসার সময়, অথবা মেইলে বিল আসার পরে আপনি ছাড়ের জন্য আবেদন করতে পারবেন।

পূরণ করা ফর্মটি পাঠান এই ঠিকানায়: **Brookdale Hospital Financial Office at 1 Brookdale Plaza – Snapper Building, Fourth Floor, Brooklyn, NY 11212-3198** অথবা ইমেল করুন financialinvestigations@bhmcny.org -এ অথবা সরাসরি নির্দেশিত ঠিকানায় ফাইনান্সিয়াল অফিসে নিয়ে আসুন। বকেয়া আদায় প্রক্রিয়া চলাকালীন যেকোনো সময় আপনি আর্থিক সহায়তার জন্য আবেদন করতে পারবেন।

**আমি কীভাবে জানব যে আমি ছাড়ের জন্য অনুমোদিত হয়েছি?**

নথিপত্র সম্পন্ন এবং জমা দেওয়ার 30 দিনের মধ্যে **One Brooklyn Health** আপনাকে একটি চিঠি পাঠাবে, যেখানে জানানো হবে যে আপনি অনুমোদিত হয়েছেন কিনা এবং আপনি কী পরিমাণ ছাড় পেয়েছেন।

**আমি ছাড় পেতে পারি কিনা তা জানার অপেক্ষায় থাকাকালীন যদি আমি একটি বিল পাই তাহলে কী হবে?**

আপনার ছাড়ের আবেদন বিবেচনাধীন থাকাকালীন আপনাকে হাসপাতালের বিল পরিশোধ করতে বাধ্য করা যাবে না। যদি আপনার আবেদন প্রত্যাখ্যান করা হয়, তাহলে হাসপাতালকে অবশ্যই লিখিতভাবে কারণ জানাতে হবে এবং হাসপাতালের আওতায় ঊর্দ্ধতন পর্যায়ে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার ব্যবস্থা থাকতে হবে।

**আমার যদি এমন কোনো সমস্যা থাকে যা আমি হাসপাতালের মাধ্যমে সমাধান করতে পারছি না, তাহলে কী হবে?**

আপনি 1-800-804-5447 নম্বরে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথের অভিযোগ হটলাইনে কল করতে পারেন।